



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/জয়পুরহাট-৮৫/১০২৬৮

MC
১৩/১১/১৩

তারিখঃ ২৬/১০/২০১৭খ্রিঃ

বিষয় : অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

- সূত্র : ১) নং-বামাশিবো/প্রশা/জয়পুরহাট-৮৫/১০৮৯৯; তারিখঃ ০৪.০১.২০১৭খ্রিঃ
২) স্মারক নং- ০৫.৪৩.৩৮.৪৭.০০০.০৫.০০২.২০১৬-৯৬৪; তারিখঃ ১৪.১১.২০১৬খ্রিঃ
৩) নং-বামাশিবো/প্রশা/জয়পুরহাট-৮৫/১০২৫৫; তারিখঃ ৩১.০৭.২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জয়পুরহাট জেলার সদর উপজেলাধীন ছাওয়ালপাড়া দ্বি-মুখী দাখিল মাদরাসার সাবেক ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ ছরোয়ার হোসেন একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন। অভিযোগপত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নির্বাচন, সভাপতি ও পূর্ণাঙ্গ কমিটি গঠন সংক্রান্ত কার্যক্রম বাতিল ঘোষণা করা সত্ত্বেও নিয়ম বহির্ভূতভাবে ম্যানেজিং কমিটি গঠন করে অনুমোদনের জন্য বোর্ডে কাগজপত্র দাখিল করা হয়েছে মর্মে উল্লেখ করা হয়।

২) অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, সদর, জয়পুরহাটকে সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, জয়পুরহাট এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ২নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, তদন্তে অভিযোগের বিষয়টি সঠিক মর্মে প্রতীয়মান হয়েছে।

৩) অভিযোগসমূহ সঠিক প্রমানিত হওয়ায় এ দপ্তর হতে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে ম্যানেজিং কমিটির সভাপতি, সদস্যবৃন্দ ও মাদরাসার সুপারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি/সদস্যবৃন্দ কোন জবাব দাখিল করেননি বিধায় ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়ার ক্ষেত্রে কোন বক্তব্য নেই মর্মে প্রতীয়মান হয়। এছাড়া সুপার কর্তৃক যে জবাব দাখিল করা হয়েছে, তা সন্তোষজনক নয়।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/৯০৩৭/নথি নং-৮৫; তারিখঃ ২২/০৫/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঙ্গে দেয়া হলো। মাদরাসার সুপারকে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে কাগজপত্রসহ বোর্ডে আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২৬/১০/১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৫৮৬১০২১৬

প্রাপকঃ সুপার, ছাওয়ালপাড়া দ্বি-মুখী দাখিল মাদরাসা, সদর, জয়পুরহাট।

নং- বামাশিবো/প্রশা/জয়পুরহাট-৮৫/

তারিখঃ / / ২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, সদর, জয়পুরহাট।
২. জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, জয়পুরহাট।
৪. সভাপতি/সদস্যবৃন্দ- ভেঙ্গে দেয়া ম্যানেজিং কমিটি, ছাওয়ালপাড়া দ্বি-মুখী দাখিল মাদরাসা, সদর, জয়পুরহাট।
৫. জনাব মোঃ ছরোয়ার হোসেন, সভাপতি (সাবেক ম্যানেজিং কমিটি), ছাওয়ালপাড়া দ্বি-মুখী দাখিল মাদরাসা, সদর, জয়পুরহাট।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪